২০২৩ সালের মধ্যে দেশের ই-কমার্স খাতের আকার হবে ৩ বিলিয়ন ডলার। বার্ষিক ৫০ শতাংশ হারে বৃদ্ধি পাচ্ছে সম্ভাবনাময় খাতটি। আর ২০২০ সালে দেশে ই-কমার্স খাতের আকার বেড়েছে ১৬৬ শতাংশ। গতকাল অনুষ্ঠিত এক ওয়েবিনারে এসব তথ্য উপস্থাপন করা হয়। ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত 'কভিড-১৯ পরিস্থিতিতে ই-কমার্স এবং ভোক্তা অধিকার: প্রতিবন্ধকতা ও সুপারিশ' শীর্ষক ওয়েবিনারটির প্রধান অতিথি ছিলেন বাণিজ্য মন্ত্রণালয়ের সচিব ড. মো. জাফর উদ্দিন। বিশেষ অতিথি ছিলেন কনজিউমার অ্যাসোসিয়েশন অব বাংলাদেশের (ক্যাব) সভাপতি গোলাম রহমান। ওয়েবিনারে মুক্ত আলোচনায় অংশগ্রহণ করেন বিএসটিআইর পরিচালক (মান) নিলুফা হক এবং বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের মো. আব্দুর রউফ।

ওয়েবিনারে অংশগ্রহণকারীদের মধ্যে আরো ছিলেন ডিসিসিআইয়ের ঊর্ধ্বতন সহসভাপতি এন কে এ মবিন, সহসভাপতি মোহাম্মদ বাশিরউদ্দিন, পরিচালক আলহাজ্ব স্বীন মোহাম্মদ ও এনামুল হক পাটোয়ারী। স্বাগত বক্তব্যে ডিসিসিআই সভাপতি শামস মাহমুদ জানান, বর্তমানে বাংলাদেশে ই-কমার্স খাতের আকার প্রায় ২ বিলিয়ন ডলার এবং তা বার্ষিক ৫০ শতাংশ হারে বৃদ্ধি পাচ্ছে। তিনি বলেন, কভিড-১৯ সংক্রমণ হ্রাসে সামাজিক দূরত্ব মানার কারণে প্রথাগত ব্যবসায়িক খাতসমূহ ক্ষতিগ্রস্ত হলেও বিকাশ

লাভ করেছে নিত্যপ্রয়োজনীয় পণ্যভিত্তিক ই-কমার্স ব্যবসা। কিন্তু ই-কমার্স খাতকে টেকসই করার পাশাপাশি খাতটিকে আরো সংগঠিত করা ও ভোক্তা অধিকার সংরক্ষণ একটি প্রধান চ্যালেঞ্জ।

প্রধান অতিথির বক্তব্যে বাণিজ্য সচিব ড. মো. জাফর উদ্দিন বলেন, বাংলাদেশে ই-কমার্সের জনপ্রিয়তা প্রতিনিয়ত বাড়ছে। তবে এক্ষেত্রে বেশকিছু প্রত্যাহার উদাহরণ পরিলক্ষিত হচ্ছে। যার ব্যাপারে সবাইকে সচেতন হতে হবে। তিনি বলেন, ডিজিটাল প্ল্যাটফর্ম ব্যবহার করে সম্প্রতি টিসিবি অনলাইনে পেরোজ ক্রয়-বিক্রয় করেছে, যার ফলে ভোক্তাদের ভোগান্তি লাঘব করা সম্ভব হয়েছে।

ক্যাবের সভাপতি গোলাম রহমান বলেন, এ খাতের অগ্রযাত্রা ব্যাহত হতে পারে। তিনি বলেন, দেশে ফেসবুকভিত্তিক ই-কমার্সের বিস্তৃতি অত্যন্ত বেশি এবং এ খাতের উদ্যোক্তাদের স্বল্পমূল্যে নিবন্ধনের আওতায় নিয়ে

আসা প্রয়োজন। যার মাধ্যমে তাদের কার্যক্রম পর্যবেক্ষণের আওতায় নিয়ে আসা সম্ভব হবে। ই-কমার্স খাতের বিস্তৃতির গতির সঙ্গে সামঞ্জস্য রেখে যদি যথাযথ নীতিমালা করা না হয় তাহলে ভোক্তাদের অধিকার ক্ষুণ্ণ হবে। এক্ষেত্রে তিনি ই-কমার্স খাতের ভালো ভালো উদ্যোক্তাকে এগিয়ে আসার আহ্বান জানান।

ওয়েবিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব সফটওয়্যার অ্যান্ড ইনফরমেশন সার্ভিসেসের (বেসিস) সভাপতি সৈয়দ আলমাস কবির। বেসিস সভাপতি বলেন, কভিড-১৯ মহামারীকালে ই-কমার্স প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে নিত্যপ্রয়োজনীয় পণ্য এবং ঔষধি পণ্য ক্রয়-বিক্রয়ের পরিমাণ উল্লেখযোগ্য হারে বেড়েছে। তবে এ খাতের মোট উদ্যোক্তাদের মধ্যে মাত্র ৭-৮ শতাংশ উদ্যোক্তা তাদের ব্যবসায়িক কার্যক্রমে সফলতা পেয়েছে।

- বার্ষিক ৫০ শতাংশ হারে বৃদ্ধি পাচ্ছে
- ২০২০ সালে বেড়েছে ১৬৬%



তিনি জানান, বাংলাদেশে সামাজিক যোগাযোগমাধ্যম ব্যবহারকারীর সংখ্যা প্রায় ৩৬ মিলিয়ন এবং ফেসবুকভিত্তিক বার্ষিক বাণিজ্যের পরিমাণ ৩১২ কোটি টাকা। তবে এফ-কমার্স উদ্যোক্তাদের অধিকাংশই ট্রেড লাইসেন্স নেই এবং এ ধরনের উদ্যোক্তাদের একটি নিবন্ধন কার্যক্রমের আওতায় নিয়ে আসা সম্ভব হলে তাদের আর্থিক ঋণসুবিধা পাওয়ার বিষয়টি সহজতর হবে এবং তাদের কার্যক্রম পর্যবেক্ষণের আওতায় আনা সম্ভব হবে।

বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক (পেম্যান্ট সিস্টেম ডিপার্টমেন্ট) মোহা. হুমায়ুন কবির বলেন, এ খাতের ক্ষুদ্র উদ্যোক্তাদের

(মাইক্রো মার্চেন্ট) প্রয়োজনীয় বিষয়ে সহযোগিতা প্রদানের জন্য বাংলাদেশ ব্যাংক নিরলসভাবে কাজ করছে।

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মহাপরিচালক বাবলু কুমার সাহা বলেন, এ খাতের নিয়মনীতি অত্যন্ত বেশি। যার বেশির ভাগই ইংরেজি ভাষায় লেখা থাকায় অধিকাংশ ভোক্তাই না বুঝে ক্রয়-বিক্রয় কার্যক্রমে অংশ নেয়ায় অনেক সময় প্রতারণিত হন। এ অবস্থা উত্তরণে অনলাইন ক্রয়-বিক্রয় কার্যক্রমের শর্তাবলি সাধারণ মানুষের বোধগম্য করার লক্ষ্যে সেগুলোকে বাংলায় প্রস্তুতকরণের প্রস্তাব দেন তিনি।

অনুষ্ঠানের নির্ধারিত আলোচনায় পাঠাওয়ার সভাপতি এবং সিএফও ফাহিম আহমেদ, দারাজ বাংলাদেশ লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক সৈয়দ মোস্তাহিদুল হক, স্টার্টআপ বাংলাদেশ লিমিটেডের এমডি ও সিইও টিনা জাবিন প্রমুখ অংশ নেন।



# কালের কণ্ঠ

ওয়েবিনারে বক্তারা  
পাল্লা দিয়ে বাড়ছে  
ই-কমার্সে প্রতারণা

নিজস্ব প্রতিবেদক ▷

ঘরে বসে সহজে পণ্য পাওয়ার বড় প্ল্যাটফর্ম এফ কমার্স বা ই-কমার্সের জনপ্রিয়তা বাড়লেও একই সঙ্গে পাল্লা দিয়ে বাড়ছে প্রতারণা ও ভোক্তা হয়রানি। মানহীন পণ্যে সরবরাহ বিলম্ব ডেলিভারি এবং নানা প্রলোভনের মাধ্যমে ভোক্তা হয়রানির ফলে এই খাতের আকার ও বার্ষিক প্রবৃদ্ধি বাড়লেও প্রধান চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে ভোক্তা অধিকার। গতকাল মঙ্গলবার 'কভিড-১৯ পরিস্থিতিতে ই-কমার্স এবং ভোক্তা অধিকার : প্রতিবন্ধকতা ও সুপারিশ' বিষয় ওয়েবিনারে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মহাপরিচালক বাবলু কুমার সাহা এসব কথা বলেন। এতে প্রধান অতিথি ছিলেন বাণিজ্যসচিব ড. মো. জাফর উদ্দিন।

বাবুল কুমার সাহা বলেন, দেশে ২০০৯ সালে ই-কমার্স শুরু করে। দুই-তিন বছর ধরে জনপ্রিয়তা বেড়েছে। পণ্য ক্রয়ে ইংরেজিতে এমন সব শর্ত আরোপ করা ভোক্তা শর্ত না জানার কারণে এমন প্রতারণার শিকার হন। এরই মধ্যে পাঁচ হাজারের বেশি অভিযোগ জমা পড়েছে ভোক্তা অধিকারে।

কনজুমারস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ ক্যারে সভাপতি গোলাম রহমান বলেন, ই-কমার্সের নামে অনেক সময় প্রতারণার মডেল তৈরি করা হয়। ভোক্তাকে জিম্মি করে প্রতারণার জাল তৈরি করা হয়। ইতিপূর্বে ইউনিপে-০২ এবং যুবকের প্রতারণার ফাঁদে পড়ে ভোক্তারা শত শত কোটি টাকা হারিয়েছেন।

প্রধান অতিথির বক্তব্যে ড. জাফর উদ্দিন বলেন, বিশ্ববাজারে ই-কমার্স একটি স্বীকৃত বাণিজ্যিক মাধ্যম। এর সুফল বাংলাদেশও পেতে শুরু করেছে। এই সময় তিনি বলেন, পেঁয়াজের দাম নিয়ন্ত্রণে ই-কমার্সের মাধ্যমে আমরা ভোক্তাকে ২৫ থেকে ৩০ টাকা কেজিতে পেঁয়াজ দিতে পেরেছি। এটি ই-কমার্সের জন্য একটি মাইলফলক। ই-কমার্স ভালোভাবে ব্যবহারের যেকোনো পরামর্শ বাণিজ্য মন্ত্রণালয় নেবে এবং এই বিষয়ে নীতিমালা তৈরি করবে বলেও তিনি জানান।



# প্রথম আলো

০৪-১২-২০২০

ই-কমার্সের বাজার হবে  
২৬,৩২৪ কোটি টাকা

আগামী তিন বছরের মধ্যে দেশে ই-কমার্সের বাজারের আকার বেড়ে দাঁড়াবে ২৬ হাজার ৩২৪ কোটি টাকায়। ঢাকা চেম্বারের আয়োজনে গতকাল এক অনলাইন আলোচনায় বক্তারা এসব কথা বলেন। এতে প্রধান অতিথি ছিলেন বাণিজ্যসচিব মো. জাফর উদ্দিন। নিজস্ব প্রতিবেদক, ঢাকা



## ই-কমার্স উদ্যোক্তাদের নিবন্ধনের প্রস্তাব

■ সমকাল প্রতিবেদক

বাংলাদেশে ইলেকট্রনিক পদ্ধতিতে বাণিজ্য বা ই-কমার্সের আকার বাড়ছে। করোনাভাইরাস সংক্রমণের কারণে এর প্রয়োজনীয়তা অনেক বেড়েছে। এ খাতে নানা চ্যালেঞ্জও তৈরি হয়েছে। এ অবস্থায় ই-কমার্স প্রতিষ্ঠানগুলোকে নিবন্ধনের প্রস্তাব এসেছে এক আলোচনা সভায়।

কভিড-১৯ পরিস্থিতিতে ই-কমার্স এবং ভোক্তা অধিকার : প্রতিবন্ধকতা ও সুপারিশ শীর্ষক ওয়েবিনারের আয়োজন করে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। স্বাগত বক্তব্যে ডিসিসিআই সভাপতি শামস মাহমুদ জানান, বর্তমানে বাংলাদেশে ই-কমার্স খাতের আকার প্রায় ২ বিলিয়ন ডলার এবং তা বার্ষিক ৫০ শতাংশ হারে বাড়ছে। ই-কমার্স খাতকে প্রগোদনা প্যাকেজের আওতায় নিয়ে আসা, ডিজিটাল লেনদেনের ক্ষেত্রে সঠিক বিধি প্রয়োগ ও নিরাপত্তা নিশ্চিত বাংলাদেশ ব্যাংকের তদারকি বৃদ্ধি, ই-কমার্স সেবার ওপর কর কমানোসহ কিছু প্রস্তাব করেন তিনি।

প্রধান অতিথির বক্তব্যে বাণিজ্য সচিব ড. জাফর উদ্দিন বলেন, ডিজিটাল ব্যবসায় অনুকূল পরিবেশ নিশ্চিত করতে বাণিজ্য মন্ত্রণালয়ের অধীন একটি পরামর্শক কমিটি গঠন করা হয়েছে। এর মাধ্যমে ব্যবসায় স্বচ্ছতা আনার জন্য ই-কমার্সকে ট্রেড লাইসেন্স অন্তর্ভুক্তকরণ, ই-কমার্স পরিচালনা ও অভিযোগ নিষ্পত্তি বিষয়ে নীতিমালা প্রণয়ন, অভিযোগ সেল গঠনের মতো বিষয় নিয়ে কার্যকর উদ্যোগ নেওয়া হবে।

বিশেষ অতিথির বক্তব্যে ক্যাবের সভাপতি গোলাম রহমান বলেন, দেশে ফেসবুকভিত্তিক ই-কমার্সের বিস্তৃতি অত্যন্ত বেশি এবং এ খাতের উদ্যোক্তাদের স্বল্পমূল্যে নিবন্ধনের আওতায় নিয়ে আসা প্রয়োজন। ওয়েবিনারে মূল প্রবন্ধে বেসিস সভাপতি সৈয়দ আলমাস কবীর বলেন, এফ-কমার্স উদ্যোক্তার অধিকাংশেরই ট্রেড লাইসেন্স নেই এবং এ ধরনের উদ্যোক্তাদের একটি নিবন্ধন কার্যক্রমের আওতায় নিয়ে আসা সম্ভব হলে ঋণ পাওয়া সহজ হবে এবং তাদের কার্যক্রম পর্যবেক্ষণের আওতায় আনা সম্ভব হবে।



## ই-কমার্স খাত

# তিন বছরে আকার হবে ৩০০ কোটি ডলার

নিজস্ব প্রতিবেদক

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ডিসিসিআই) সভাপতি শামস মাহমুদ বলেছেন, দেশে ই-কমার্স খাতের আকার এখন প্রায় ২০০ কোটি ডলার। প্রতি বছর এর আকার ৫০ শতাংশ হারে বাড়ছে। ফলে ২০২৩ সাল নাগাদ দেশে ই-কমার্স খাতের আকার হবে ৩০০ কোটি মার্কিন ডলারের।

গতকাল মঙ্গলবার ডিসিসিআই আয়োজিত ‘কভিড-১৯ পরিস্থিতিতে ই-কমার্স এবং ভোক্তা অধিকার : প্রতিবন্ধকতা ও সুপারিশ’ শীর্ষক ওয়েবিনারে এসব তথ্য তুলে ধরেন তিনি। ডিসিসিআই সভাপতি শামস মাহমুদের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বাণিজ্য সচিব ড. মো. জাফর উদ্দিন, কনজুমার অ্যাসোসিয়েশন অব বাংলাদেশের (ক্যাব) সভাপতি গোলাম রহমান প্রমুখ।

ওয়েবিনারে ডিসিসিআই সভাপতি বলেন, করোনা সংক্রমণ কমাতে সামাজিক দূরত্ব মানার কারণে প্রথাগত ব্যবসা খাতগুলো ক্ষতিগ্রস্ত হলেও নিত্যপ্রয়োজনীয় পণ্যভিত্তিক ই-কমার্স ব্যবসা বিকশিত হয়েছে। কিন্তু ই-কমার্স খাতকে টেকসই করার পাশাপাশি এটিকে আরও সংগঠিত করা এবং ভোক্তা অধিকার সংরক্ষণ একটি প্রধান চ্যালেঞ্জ। ডিসিসিআই সভাপতি এ খাতের সার্বিক উন্নয়নে কভিড চ্যালেঞ্জ মোকাবিলায় ই-কমার্স খাতকে প্রগোদনা প্যাকেজের



ই-কমার্স খাতকে টেকসই করার পাশাপাশি এটিকে আরও সংগঠিত করা এবং ভোক্তা অধিকার সংরক্ষণ একটি প্রধান চ্যালেঞ্জ

আওতায় নিয়ে আসা, ডিজিটাল লেনদেনের ক্ষেত্রে সঠিক বিধি প্রয়োগ ও নিরাপত্তা নিশ্চিত বাংলাদেশের ব্যাংকের তদারকি বৃদ্ধি, ই-কমার্স সেবার ওপর প্রযোজ্য ভ্যাট ও এসডি যৌক্তিক হারে কমানো, ই-কমার্সভিত্তিক ব্যবসায় প্রয়োজনীয় লাইসেন্সিং ও ব্যাংকিংসহ অন্যান্য সেবার শর্তগুলো সহজ করা এবং এ খাতের ক্ষুদ্র ও মাইক্রো উদ্যোক্তাদের বাজারে প্রবেশের সুযোগ বাড়াতে প্রশিক্ষণ দেওয়ার আহ্বান জানান। বাণিজ্য সচিব ড. মো. জাফর উদ্দিন বলেন, বাংলাদেশে ই-কমার্সের জনপ্রিয়তা প্রতিনিয়ত বাড়ছে, তবে এক্ষেত্রে বেশ কিছু প্রতারণার উদাহরণ পরিলক্ষিত হচ্ছে, এ বিষয়ে সবাইকে সচেতন হতে হবে।

তিনি আরও বলেন, ডিজিটাল প্ল্যাটফর্ম ব্যবহার করে সম্প্রতি টিসিবি অনলাইনে পের্যাজ কেনাবেচা, যার ফলে ভোক্তাদের ভোগান্তি লাঘব করা সম্ভব হয়েছে। বাণিজ্য সচিব বলেন, ই-কমার্স বাণিজ্যের সমূহ সম্ভাবনা কাজে লাগানো এবং

সমস্যা সমাধানের লক্ষ্যে বাণিজ্য মন্ত্রণালয়ে একটি ডিজিটাল সেল গঠন করা হয়েছে এবং ডিজিটাল সেল এবং ই-সাপোর্ট সেন্টারের মাধ্যমে এই খাতের বর্তমান চ্যালেঞ্জগুলো মোকাবিলা করা সম্ভব হবে।

ক্যাব সভাপতি গোলাম রহমান বলেন, ই-কমার্স খাতে বিদ্যমান সমস্যাগুলো চিহ্নিত করে তার যথাযথ সমাধান না করা হলে কিছু অসৎ লোক তার অপব্যবহার করতে পারে, যার ফলে এ খাতের অগ্রযাত্রা ব্যাহত হতে পারে। তিনি বলেন, দেশে ফেইসবুকভিত্তিক ই-কমার্সের বিস্তৃতি অত্যন্ত বেশি এবং এ খাতের উদ্যোক্তাদের স্বল্পমূল্যে নিবন্ধনের আওতায় নিয়ে আসা প্রয়োজন, যার মাধ্যমে তাদের কার্যক্রম পর্যবেক্ষণের আওতায় নিয়ে আসা সম্ভব হবে।

ওয়েবিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব সফটওয়্যার অ্যান্ড ইনফরমেশন সার্ভিসেসের (বেসিস) সভাপতি সৈয়দ আলমাস কবির।



তিন বছরে ই-কমার্স

# বাজার হবে ৩ বিলিয়ন ডলার

অর্থনৈতিক রিপোর্টার : ডিসিসিআই সভাপতি শামস মাহমুদ বলেছেন, দেশে ই-কমার্স খাতের আকার প্রায় ২ বিলিয়ন ডলার। প্রতি বছর এ আকার ৫০ শতাংশ হারে বাড়ছে। ফলে ২০২৩ সাল নাগাদ দেশে ই-কমার্স খাতের আকার হবে ৩ বিলিয়ন মার্কিন ডলার। গতকাল ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত 'কোভিড-১৯ পরিস্থিতিতে ই-কমার্স এবং ভোক্তা অধিকার: প্রতিবন্ধকতা ও সুপারিশ' শীর্ষক ওয়েবিনারে এসব তথ্য তুলে ধরা হয়।

ডিসিসিআই সভাপতি শামস মাহমুদ-এর সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বাণিজ্য সচিব ড. মো. জাফর উদ্দিন, কনজুমার অ্যাসোসিয়েশন অব বাংলাদেশের (ক্যাব) সভাপতি গোলাম রহমান প্রমুখ। ওয়েবিনারে ডিসিসিআই সভাপতি শামস মাহমুদ বলেন, কোভিড-১৯ এর সংক্রমণ কমাতে সামাজিক দূরত্ব

মানার কারণে প্রথাগত ব্যবসায়িক খাতগুলো ক্ষতিগ্রস্ত হলেও নিত্য প্রয়োজনীয় পণ্যভিত্তিক ই-কমার্স ব্যবসা বিকাশিত হয়েছে। কিন্তু ই-কমার্স খাতকে টেকসই করার পাশাপাশি খাতটিকে আরও সংগঠিত করা এবং ভোক্তা অধিকার সংরক্ষণ একটি প্রধান চ্যালেঞ্জ।

ডিসিসিআই সভাপতি এ খাতের সার্বিক উন্নয়নে কোভিড চ্যালেঞ্জ মোকাবেলায় ই-কমার্স খাতকে প্রণোদনা প্যাকেজের আওতায় নিয়ে আসা, ডিজিটাল লেনদেনের ক্ষেত্রে সঠিক বিধি প্রয়োগ ও নিরাপত্তা নিশ্চিত বাংলাদেশের ব্যাংকের তদারকি বৃদ্ধি, ই-কমার্স সেবার ওপর প্রযোজ্য ভ্যাট ও এসডি যৌক্তিক হারে কমানো, ই-কমার্স ভিত্তিক ব্যবসায় প্রয়োজনীয় লাইসেন্সিং ও

ব্যাংকিংসহ অন্যান্য সেবার শর্তসমূহ সহজ করা এবং এ খাতের ক্ষুদ্র ও মাইক্রো উদ্যোক্তাদের বাজারে প্রবেশের সুযোগ বাড়াতে প্রশিক্ষণ দেওয়ার আহ্বান জানান।

বাণিজ্য সচিব ড. মো. জাফর উদ্দিন বলেন, বাংলাদেশে ই-কমার্সের জনপ্রিয়তা প্রতিন্যিত বাড়ছে, তবে এক্ষেত্রে বেশকিছু প্রতারণার উদাহরণ পরিলক্ষিত হচ্ছে, এ বিষয়ে সবাইকে সচেতন হতে হবে। তিনি বলেন, ডিজিটাল প্র্যাটফর্ম ব্যবহার করে সম্প্রতি টিসিবি অনলাইনে প্লেজার ক্রয়-বিক্রয় করছে, যার ফলে ভোক্তাদের ভোগান্তি লাঘব করা সম্ভব হয়েছে।

বাণিজ্য সচিব বলেন, ই-কমার্স বাণিজ্যের সমূহ সম্ভাবনা কাজে লাগানো এবং সমস্যা সমাধানের লক্ষ্যে বাণিজ্য মন্ত্রণালয়ে একটি ডিজিটাল সেল গঠন করা হয়েছে এবং ডিজিটাল সেল এবং ই-সাপোর্ট সেন্টারের মাধ্যমে এই খাতের বর্তমান চ্যালেঞ্জগুলো মোকাবিলা করা সম্ভব হবে।

ক্যাব সভাপতি গোলাম রহমান বলেন, ই-কমার্স খাতে বিদ্যমান সমস্যাসমূহ চিহ্নিতকরে তার যথাযথ সমাধান না করা হলে কিছু অসৎ লোক তার অপব্যবহার করতে পারে, যার ফলে এ খাতের অগ্রযাত্রা ব্যাহত হতে পারে। তিনি বলেন, দেশে ফেসবুক-ভিত্তিক ই-কমার্সের বিস্তৃতি অত্যন্ত বেশি এবং এ খাতের উদ্যোক্তাদের স্বল্পমূল্যে নিবন্ধনের আওতায় নিয়ে আসা প্রয়োজন, যার মাধ্যমে তাদের কার্যক্রম পর্যবেক্ষণের আওতায় নিয়ে আসা সম্ভব হবে।

ওয়েবিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ এসোসিয়েশন অব সফটওয়্যার অ্যান্ড ইনফরমেশন সার্ভিসেস (বেসিস)-এর সভাপতি সৈদয় আলমাসকবির।





## তিন বছরে ই-কমার্সের আকার হবে ৩ বিলিয়ন ডলার

যাযাদি রিপোর্ট

ডিসিসিআই সভাপতি শামস মাহমুদ বলেছেন, দেশে ই-কমার্স খাতের আকার প্রায় ২ বিলিয়ন ডলার। প্রতি বছর এ আকার ৫০ শতাংশ হারে বাড়াচ্ছে। ফলে ২০২৩ সাল নাগাদ দেশে ই-কমার্স খাতের আকার হবে ৩ বিলিয়ন মার্কিন ডলার।

মঙ্গলবার ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত ‘কোভিড-১৯ পরিস্থিতিতে ই-কমার্স এবং ভোক্তা অধিকার : প্রতিবন্ধকতা ও সুপারিশ’ শীর্ষক ওয়েবিনারে এসব তথ্য তুলে ধরা হয়।

ডিসিসিআই সভাপতি শামস মাহমুদের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বণিজ্য সচিব ড. মো. জাফর উদ্দিন, কনজুমার অ্যাসোসিয়েশন অব বাংলাদেশের (ক্যাম) সভাপতি গোলাম রহমান প্রমুখ। ওয়েবিনারে ডিসিসিআই সভাপতি শামস মাহমুদ বলেন, কোভিড-১৯-এর সংক্রমণ কমাতে সামাজিক দূরত্ব মানার কারণে প্রথাগত ব্যবসায়িক খাতগুলো ক্ষতিগ্রস্ত হলেও নিত্যপ্রয়োজনীয় পার্জিভিক ই-কমার্স ব্যবসা বিকশিত হয়েছে। কিন্তু ই-কমার্স খাতকে টেকসই করার পাশাপাশি খাতটিকে আরও সংগঠিত করা এবং ভোক্তা অধিকার সংরক্ষণ একটি প্রধান চ্যালেঞ্জ।

ডিসিসিআই সভাপতি এ খাতের সর্বির্ক উন্নয়নে কোভিড চ্যালেঞ্জ মোকাবিলায় ই-কমার্স খাতকে প্রাঙ্গদনা প্যাবলজের আওতায় নিয়ে আসা, ডিজিটাল লেনদেনের ক্ষেত্রে সঠিক বিধি প্রয়োগ ও নিরাপত্তা নিশ্চিত বাংলাদেশের ব্যাঙ্কর তদারকি বৃদ্ধি, ই-কমার্স সেবার ওপর প্রযোজ্য ভ্যাট ও এসডি বৌতিক হারে কমানো, ই-কমার্সভিত্তিক ব্যবসায় প্রয়োজনীয় লাইসেন্সিং ও ব্যাঙ্কিংসহ অন্যান্য সেবার শর্তসমূহ সহজ করা এবং এ খাতের ক্ষুদ্র ও মহিফো উদ্যোক্তাদের বাজারে প্রবেশের সুযোগ বড়াতে প্রশিক্ষণ দেওয়ার আহবান জানান। বণিজ্য সচিব ড. মো. জাফর উদ্দিন বলেন, বাংলাদেশে ই-কমার্সের জনপ্রিয়তা প্রতিনিয়ত বাড়াচ্ছে, তবে এক্ষেত্রে বেশকিছু প্রতারণার উদাহরণ পরিলক্ষিত হচ্ছে, এ বিষয়ে সর্বহিক সচেতন হতে হবে।



## ডিসিসিআই'র সেমিনার আগামী তিন বছরে ই-কমার্স খাতের পরিমাণ হবে ৩ বিলিয়ন ডলার

### অর্থনৈতিক বার্তা পরিবেশক

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত 'কোভিড-১৯ পরিস্থিতিতে ই-কমার্স এবং ভোক্তা অধিকার : প্রতিবন্ধকতা ও সুপারিশ' শীর্ষক ওয়েবিনার আজ অনুষ্ঠিত হয়। ওয়েবিনারে বাণিজ্য মন্ত্রণালয়ের সচিব ড. মো. জাফর উদ্দিন প্রধান অতিথি এবং কনজুমার অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব)-এর সভাপতি গোলাম রহমান বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

স্বাগত বক্তব্যে ডিসিসিআই সভাপতি শামস মাহমুদ জানান, বর্তমানে বাংলাদেশে ই-কমার্স খাতের আকার প্রায় ২ বিলিয়ন ডলার এবং তা বার্ষিক ৫০ শতাংশ হারে বৃদ্ধি পাচ্ছে। কোভিড-১৯ সংক্রমণ দ্বারা সামাজিক দূরত্ব মানার কারণে প্রথাগত ব্যবসায়িক খাতসমূহ ক্ষতিগ্রস্ত হলেও বিকাশ লাভ করেছে নিত্য প্রয়োজনীয় পণ্যভিত্তিক ই-কমার্স ব্যবসা, কিন্তু ই-কমার্স খাতকে টেকসই করার পাশাপাশি খাতটিকে আরও সংগঠিত করা এবং ভোক্তা

অধিকার সংরক্ষণ একটি প্রধান চ্যালেঞ্জ। ডিসিসিআই সভাপতি এ খাতের সার্বিক উন্নয়নে কোভিড চ্যালেঞ্জ মোকাবিলায় ই-কমার্স খাতকে প্রণোদনা প্যাকেজের আওতায় নিয়ে আসা, ডিজিটাল লেনদেনের ক্ষেত্রে সঠিক বিধি প্রয়োগ ও নিরাপত্তা নিশ্চিত বাংলাদেশের ব্যাংকের তদারকি বৃদ্ধি, ই-কমার্স সেবার ওপর প্রযোজ্য ভ্যাট ও এসডি যৌক্তিক হারে হ্রাস করা, ই-কমার্সভিত্তিক ব্যবসায় প্রয়োজনীয় লাইসেন্সিং ও ব্যাংকিংসহ অন্যান্য সেবার শর্তসমূহ সহজ করা এবং এ খাতের ক্ষুদ্র ও মাইক্রো উদ্যোক্তাদের বাজারে প্রবেশের সুযোগ বৃদ্ধি করতে প্রশিক্ষণের প্রদানের আহ্বান জানান।

প্রধান অতিথির বক্তব্যে বাণিজ্য সচিব ড. মো. জাফর উদ্দিন বলেন, বাংলাদেশে ই-কমার্সের জনপ্রিয়তা প্রতিদ্বন্দ্বিতা বাড়ছে, তবে এ ক্ষেত্রে বেশকিছু প্রতারণার উদাহরণ পরিলক্ষিত হচ্ছে, যার ব্যাপারে সবাইকে সচেতন হতে হবে। ডিজিটাল প্রাটিকর্ম ব্যবহার করে সম্প্রতি টিসিবি অনলাইনে পিয়াজ ক্রয়-বিক্রয় করছে, যার ফলে ভোক্তাদের ভোগান্তি লাঘব করা সম্ভব হয়েছে। ডিজিটাল ব্যবসায় অনুকূল পরিবেশ নিশ্চিত করতে বাণিজ্য মন্ত্রণালয়ের ডিরেক্টরিও সেলের অধীনে একটি পরামর্শক কমিটি গঠন করা হয়েছে, যার মাধ্যমে ব্যবসায় স্বচ্ছতা আনয়নের জন্য ই-কমার্সকে ট্রেড লাইসেন্স অন্তর্ভুক্তকরণ, ই-কমার্স পরিচালনা ও অভিযোগ নিষ্পত্তি বিষয়ে নীতিমালা প্রণয়ন, অভিযোগ সেল গঠন, স্বগোষ্ঠিতে সহায়তা প্রদান, ই-কমার্স ব্যবসার প্রতিবন্ধকতা ও ঝুঁকি চিহ্নিত করে দেশীয় উদ্যোক্তাদের সুরক্ষা, লেনদেনের নিরাপত্তা নিশ্চিতকরণ এবং লজিস্টিক সাপোর্টের মতো বিষয়গুলো নিয়ে কার্যকর উদ্যোগ গ্রহণ করা হবে। ই-কমার্স বাণিজ্যের সমূহ সম্ভাবনা কাজে লাগানো এবং সমস্যা সমাধানের লক্ষ্যে বাণিজ্য

মন্ত্রণালয়ে একটি ডিজিটাল সেল গঠন করা হয়েছে এবং ডিজিটাল সেল এবং ই-সাপোর্ট সেন্টারের মাধ্যমে এই খাতের বর্তমান চ্যালেঞ্জগুলো মোকাবিলা করা সম্ভব হবে। বিশেষ অতিথির বক্তব্যে কনজুমার অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব)-এর সভাপতি গোলাম রহমান বলেন, ই-কমার্স খাতে বিদ্যমান সমস্যাসমূহ চিহ্নিতকরে তার যথাযথ সমাধান না করা হলে কিছু অসংলোচন তার অপব্যবহার করতে পারে, যার ফলে এ খাতের অগ্রযাত্রা ব্যাহত হতে পারে। দেশে ফেসবুকভিত্তিক ই-কমার্সের বিস্তৃতি অত্যন্ত বেশি এবং এ খাতের উদ্যোক্তাদের স্বল্পমূল্যে নিবন্ধনের আওতায় নিয়ে আসা প্রয়োজন, যার মাধ্যমে তাদের কার্যক্রম পর্যবেক্ষণের আওতায় নিয়ে



আসা সম্ভব হবে। ই-কমার্স খাতের বিস্তৃতির গতির সঙ্গে সামঞ্জস্য রেখে যদি যথাযথ নীতিমালা করা না হয়, তাহলে ভোক্তাদের অধিকার ক্ষুণ্ণ হবে। এ ক্ষেত্রে তিনি ই-কমার্স খাতের ভালো ভালো উদ্যোক্তাদের এগিয়ে আসার আহ্বান জানান।

ওয়েবিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব সফটওয়্যার অ্যান্ড ইনফরমেশন সার্ভিসেস (বেসিস)-এর সভাপতি সৈদয় আলমাস কবির। বেসিস সভাপতি বলেন, কোভিড-১৯ মহামারীকালে ই-কমার্স প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে নিত্যপ্রয়োজনীয় পণ্য এবং গৃহস্থি পণ্য ক্রয়-বিক্রয়ের পরিমাণ উল্লেখযোগ্য হারে বেড়েছে, তবে এ খাতের মোট উদ্যোক্তাদের মধ্যে মাত্র ৭-৮% উদ্যোক্তা তাদের ব্যবসায়িক কার্যক্রমে সাক্ষ্য পেয়েছে। তিনি জানান, বাংলাদেশে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারকারীর সংখ্যা প্রায় ৩৬ মিলিয়ন এবং ফেসবুকভিত্তিক বার্ষিক বাণিজ্যের পরিমাণ ৩১২ কোটি টাকা, তবে এফ-কমার্স উদ্যোক্তাদের অধিকাংশই ট্রেড লাইসেন্স নেই এবং এ ধরনের উদ্যোক্তাদের একটি নিবন্ধন কার্যক্রমের আওতায় নিয়ে আসা সম্ভব হলে তাদের আর্থিক স্বর্ণ সুবিধা পাওয়া বিষয়টি সহজতর হবে এবং তাদের কার্যক্রম পর্যবেক্ষণের আওতায় আনা সম্ভব হবে। ২০২০ সালে বাংলাদেশে ই-কমার্স বাজারের আকার ১৬৬% বেড়েছে এবং ২০২৩ সালের মধ্যে দেশে ই-কমার্স খাতের পরিমাণ ৩ বিলিয়ন মার্কিন ডলার পৌছাবে। তিনি তৃণমূল পর্যায়ের মানুষদের ই-কমার্সের আওতায় নিয়ে আসার লক্ষ্যে সুলভ মূল্যে ইন্টারনেট সুবিধা নিশ্চিতকরণের পাশাপাশি সাইবার নিরাপত্তা জোরদারের ওপর জোরারোপ করেন। এছাড়া তথ্য-প্রযুক্তিখাতে অবকাঠামো উন্নয়ন একান্ত অপরিহার্য বলে মনে করেন তিনি।



ঢাকা চেম্বারের ওয়েবিনারে বাণিজ্য সচিব

## ই-কমার্সে প্রতারণা হচ্ছে সচেতন হতে হবে

● নিজস্ব প্রতিবেদক

বাণিজ্য সচিব ড. মো. জাফরউদ্দিন বলেছেন, বাংলাদেশে ই-কমার্সের জনপ্রিয়তা প্রতিদিন বাড়ছে। তবে এক্ষেত্রে বেশ কিছু প্রতারণার উদাহরণ পরিলক্ষিত হচ্ছে। যে ব্যাপারে সবাইকে সচেতন হতে হবে। মঙ্গলবার ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত 'কোভিড-১৯ পরিস্থিতিতে ই-কমার্স এবং ভোক্তা অধিকার: প্রতিবন্ধকতা ও সুপারিশ' শীর্ষক ওয়েবিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। বাণিজ্য সচিব বলেন, ডিজিটাল ব্যবসায় অনুকূল পরিবেশ নিশ্চিত

করতে বাণিজ্য মন্ত্রণালয়ের ডব্লিউটিও সেলের অধীনে একটি পরামর্শক কমিটি গঠন করা হয়েছে, যার মাধ্যমে ব্যবসায় স্বচ্ছতা আনার জন্য ই-কমার্সকে ট্রেড লাইসেন্সে অন্তর্ভুক্তকরণ, ই-কমার্স পরিচালনা ও অভিযোগ নিষ্পত্তি বিষয়ে নীতিমালা প্রণয়ন, অভিযোগ সেল গঠন, ঋণপ্রাপ্তিতে সহায়তা প্রদান, ই-কমার্স ব্যবসায় প্রতিবন্ধকতা ও ঝুঁকি চিহ্নিত করে দেশীয় উদ্যোক্তাদের সুরক্ষা, লেনদেনের নিরাপত্তা নিশ্চিতকরণ এবং লজিস্টিক সাপোর্টের মতো বিষয়গুলো নিয়ে কার্যকর উদ্যোগ গ্রহণ করা হবে। তিনি জানান, ই-কমার্স বাণিজ্যের সমূহ সম্ভাবনা কাজে লাগানো এবং সমস্যা

সমাধানের লক্ষ্যে বাণিজ্য মন্ত্রণালয়ে একটি ডিজিটাল সেল গঠন করা হয়েছে এবং ডিজিটাল সেল এবং ই-সাপোর্ট সেন্টারের মাধ্যমে এই খাতের বর্তমান চ্যালেঞ্জগুলো মোকাবিলা করা সম্ভব হবে।

ওয়েবিনারে বাণিজ্য সচিব ড. মো. জাফরউদ্দিন প্রধান অতিথি এবং কনজুমার অ্যাসোসিয়েশন অব বাংলাদেশের (ক্যাব) সভাপতি গোলাম রহমান বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। ডিসিসিআই সভাপতি শামস মাহমুদের সভাপতিত্বে ওয়েবিনারে আরও বক্তব্য রাখেন— পাঠাওয়ার সভাপতি এবং চীফ ফিন্যান্সিয়াল অফিসার (সিএফও) ফাহিম আহমেদ, দারাজ বাংলাদেশ লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক সৈয়দ মোস্তাহিদুল হক, স্টার্টআপ বাংলাদেশ লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা টিনা জাবিন, বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক (পেমেন্ট সিস্টেম ডিপার্টমেন্ট) মোহা. হুমায়ুন কবির এবং জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদফতরের মহাপরিচালক বাবলু কুমার সাহা।

স্বাগত বক্তব্যে ডিসিসিআই সভাপতি শামস মাহমুদ জানান, বর্তমানে বাংলাদেশে ই-কমার্স খাতের আকার প্রায় ২ বিলিয়ন ডলার এবং তা বার্ষিক ৫০ শতাংশ হারে বৃদ্ধি পাচ্ছে। তিনি বলেন, কোভিড-১৯ সংক্রমণ হ্রাসে সামাজিক দূরত্ব মানার কারণে প্রথাগত ব্যবসায়িক খাতগুলো ক্ষতিগ্রস্ত হলেও বিকাশ লাভ করেছে নিত্যপ্রয়োজনীয় পণ্যভিত্তিক ই-কমার্স ব্যবসা, কিন্তু ই-কমার্স খাতকে টেকসই করার পাশাপাশি খাতটিকে আরও সংগঠিত করা এবং ভোক্তা অধিকার সংরক্ষণ একটি প্রধান চ্যালেঞ্জ।

বিশেষ অতিথির বক্তব্যে কনজুমার অ্যাসোসিয়েশন অব বাংলাদেশের (ক্যাব) সভাপতি গোলাম রহমান বলেন, ই-কমার্স খাতে বিদ্যমান সমস্যাগুলো চিহ্নিত করে তার যথাযথ সমাধান না করা হলে কিছু অসৎ লোক তার অপব্যবহার করতে পারে, ফলে এ খাতের অগ্রযাত্রা ব্যাহত হতে পারে। তিনি বলেন, দেশে ফেসবুকভিত্তিক ই-কমার্সের বিস্তৃতি অত্যন্ত বেশি এবং এখাতের উদ্যোক্তাদের স্বল্পমূল্যে নিবন্ধনের আওতায় নিয়ে আসা প্রয়োজন, যার মাধ্যমে তাদের কার্যক্রম পর্যবেক্ষণের আওতায় নিয়ে আসা সম্ভব হবে। গোলাম রহমান বলেন, ই-কমার্স খাতের বিস্তৃতির গতির সঙ্গে সামঞ্জস্য রেখে যদি যথাযথ নীতিমালা করা না হয়, তা হলে ভোক্তাদের অধিকার

ক্ষুণ্ণ হবে। এক্ষেত্রে তিনি ই-কমার্স খাতের ভালো ভালো উদ্যোক্তাকে এগিয়ে আসার আহ্বান জানান।

ওয়েবিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব সফটওয়্যার অ্যান্ড ইনফরমেশন সার্ভিসেসের (বেসিস) সভাপতি সৈয়দ আলমাস কবির। বেসিস সভাপতি বলেন, কোভিড-১৯ মহামারিকালে ই-কমার্স প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে নিত্যপ্রয়োজনীয় পণ্য এবং ঔষধি পণ্য ক্রয়-বিক্রির পরিমাণ উল্লেখযোগ্য হারে বেড়েছে, তবে এ খাতের মোট উদ্যোক্তাদের মধ্যে মাত্র ৭-৮ শতাংশ উদ্যোক্তারা তাদের ব্যবসায়িক কার্যক্রমে সাফল্য পেয়েছে।

তিনি জানান, বাংলাদেশে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারকারীর সংখ্যা প্রায় ৩৬ মিলিয়ন এবং ফেসবুকভিত্তিক বার্ষিক বাণিজ্যের পরিমাণ ৩১২ কোটি টাকা, তবে এফ-কমার্স উদ্যোক্তাদের অধিকাংশই ট্রেড লাইসেন্স নেই এবং এ ধরনের উদ্যোক্তাদের একটি নিবন্ধন কার্যক্রমের আওতায় নিয়ে আসা সম্ভব হলে তাদের আর্থিক ঋণ সুবিধা পাওয়ার বিষয়টি সহজতর হবে এবং তাদের কার্যক্রম পর্যবেক্ষণের আওতায় আনা সম্ভব হবে। আলমাস কবির বলেন, ২০২০ সালে বাংলাদেশে ই-কমার্স বাজারের আকার ১৬৬ শতাংশ বেড়েছে এবং ২০২৩ সালের মধ্যে দেশে ই-কমার্স খাতের পরিমাণ ৩ বিলিয়ন মার্কিন ডলারে পৌঁছবে।

পাঠাওয়ার সভাপতি এবং চীফ ফিন্যান্সিয়াল অফিসার (সিএফও) ফাহিম আহমেদ এখাতের উদ্যোক্তাবৃন্দ ও ভোক্তাদের মধ্যে আস্থা অর্জনের জন্য সহায়ক নীতিমালা প্রণয়ন এবং এর কার্যকর বাস্তবায়ন খুবই জরুরি বলে মতপ্রকাশ করেন। তিনি স্থানীয় উদ্যোক্তাদের আরও বেশি সহায়তা প্রদানের জন্য সরকারের প্রতি আহ্বান জানান। দারাজ বাংলাদেশ লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক সৈয়দ মোস্তাহিদুল হক বলেন, ২০১৭ সাল থেকে দারাজ ঢাকা শহরের বাইরে তৃণমূল পর্যায়ে সেবা দেওয়ার কার্যক্রম শুরু করে এবং দারাজের বর্তমানে ৭৭টি বিক্রয়কেন্দ্র (হাব) রয়েছে। তিনি বলেন, প্রতিষ্ঠানটি ভোক্তাদের অধিকার ও আস্থা নিয়ে কাজ করে থাকে এবং এ লক্ষ্যে দারাজের পণ্য বিক্রয়কারীদের প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে ও তাদের কার্যক্রম নিয়মিতভাবে পর্যবেক্ষণ করা হচ্ছে।



- ২০২৩ সালের মধ্যে ই-কমার্স খাতের পরিমাণ হবে ৩ বিলিয়ন ডলার
- কিছু অসৎ লোক ই-কমার্সের অপব্যবহার করতে পারে



# আলোকিত বাংলাদেশ

## ৩ বছরে ই-কমার্সের আকার হবে ৩ বিলিয়ন ডলার

### ● নিজস্ব প্রতিবেদক

দেশে ই-কমার্স খাতের আকার প্রায় ২ বিলিয়ন ডলার। প্রতি বছর এ আকার ৫০ শতাংশ হারে বাড়ছে। ফলে ২০২৩ সাল নাগাদ দেশে ই-কমার্স খাতের আকার হবে ৩ বিলিয়ন মার্কিন ডলার। গতকাল মঙ্গলবার ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ (ডিসিসিআই) আয়োজিত 'কোভিড-১৯ পরিস্থিতিতে ই-কমার্স এবং ভোক্তা অধিকার : প্রতিবন্ধকতা ও সুপারিশ' শীর্ষক ওয়েবিনারে বক্তারা এসব তথ্য তুলে ধরেন। ডিসিসিআই সভাপতি শামস মাহমুদের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বাণিজ্যস সচিব ড. মো. জাফর উদ্দিন, কনজুমার অ্যাসোসিয়েশন অব বাংলাদেশের (ক্যাব) সভাপতি গোলাম রহমান প্রমুখ। ওয়েবিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব সফটওয়্যার অ্যান্ড ইনফরমেশন সার্ভিসেসের (বেসিস) সভাপতি সৈয়দ আলমাস কবির।

শামস মাহমুদ বলেন, কোভিড-১৯ এর সংক্রমণ কমাতে সামাজিক দূরত্ব মানার কারণে প্রথাগত ব্যবসায়িক খাতগুলো ক্ষতিগ্রস্ত হলেও নিত্যপ্রয়োজনীয় পণ্যভিত্তিক ই-কমার্স ব্যবসা বিকশিত হয়েছে। কিন্তু ই-কমার্স খাতকে টেকসই করার পাশাপাশি খাতটিকে আরও সংগঠিত করা এবং ভোক্তা অধিকার সংরক্ষণ একটি প্রধান চ্যালেঞ্জ। ডিসিসিআই সভাপতি এ খাতের সার্বিক উন্নয়নে কোভিড চ্যালেঞ্জ মোকাবিলায় ই-

কমার্স খাতকে প্রণোদনা প্যাকেজের আওতায় নিয়ে আসা, ডিজিটাল লেনদেনের ক্ষেত্রে সঠিক বিধি প্রয়োগ ও নিরাপত্তা নিশ্চিত বাংলাদেশের ব্যাংকের তদারকি বৃদ্ধি, ই-কমার্স সেবার ওপর প্রযোজ্য ভ্যাট ও এসডি যৌক্তিক হারে কমানো, ই-কমার্স ভিত্তিক ব্যবসায় প্রয়োজনীয় লাইসেন্সিং ও ব্যাংকিংসহ অন্যান্য সেবার শর্তগুলো সহজ করা এবং এ খাতের ক্ষুদ্র ও মাইক্রো উদ্যোক্তাদের বাজারে প্রবেশের সুযোগ বাড়াতে প্রশিক্ষণ দেওয়ার আহ্বান জানান। বাণিজ্য সচিব ড. মো. জাফর উদ্দিন বলেন, বাংলাদেশে ই-কমার্সের জনপ্রিয়তা প্রতিনিয়ত বাড়ছে, তবে এক্ষেত্রে বেশকিছু প্রত্যাহার উদাহরণ পরিলক্ষিত হচ্ছে, এ বিষয়ে সবাইকে সচেতন হতে হবে। ডিজিটাল প্রাটফর্ম ব্যবহার করে সম্প্রতি টিসিবি অনলাইনে প্লেজার ক্রয়-বিক্রয় করছে, যার ফলে ভোক্তাদের ভোগান্তি লাঘব করা সম্ভব হয়েছে।

ক্যাব সভাপতি গোলাম রহমান বলেন, ই-কমার্স খাতে বিদ্যমান সমস্যাগুলো চিহ্নিত করে তার যথাযথ সমাধান না করা হলে কিছু অসৎ লোক এর অপব্যবহার করতে পারে, এতে এ খাতের অগ্রযাত্রা ব্যাহত হতে পারে। দেশে ফেসবুকভিত্তিক ই-কমার্সের বিস্তৃতি অত্যন্ত বেশি এবং এ খাতের উদ্যোক্তাদের স্বল্পমূল্যে নিবন্ধনের আওতায় নিয়ে আসা প্রয়োজন, যার মাধ্যমে তাদের কার্যক্রম পর্যবেক্ষণের আওতায় নিয়ে আসা সম্ভব হবে।



The Daily Akin Bangladesh

# আলোকিত বাংলাদেশ



গতকাল ডিসিসিআই আয়োজিত 'কোভিড-১৯ পরিস্থিতিতে ই-কমার্স এবং ভোক্তা অধিকার : প্রতিবন্ধকতা ও সুপারিশ' শীর্ষক ওয়েবিনারে বক্তারা ● সংগৃহীত



# আমাদের অর্থনীতি

## ২০২৩ এর মধ্যে ই-কমার্স খাতের পরিমাণ হবে ৩ বিলিয়ন ডলার

জনপ্রিয়তার পাশাপাশি বাড়ছে প্রতারণা : বাণিজ্য সচিব • ভোক্তা অধিকার অধিদপ্তরে ৫ হাজার অভিযোগ

মো. আখতারুজ্জামান : ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এর সভাপতি শামস মাহমুদ জানান, বর্তমানে বাংলাদেশে ই-কমার্স খাতের আকার প্রায় ২ বিলিয়ন ডলার। বার্ষিক বৃদ্ধির হার ৫০ শতাংশ। তিনি বলেন, করোনায় ব্যবসায়িক খাতসমূহ ক্ষতিগ্রস্ত হলেও বিকাশ লাভ করেছে নিত্য প্রয়োজনীয় পণ্যভিত্তিক ই-কমার্স ব্যবসা।

ডিসিসিআই সভাপতি এখাতের সার্বিক উন্নয়নে কোভিড চ্যালেঞ্জ মোকাবেলায় ই-কমার্স খাতকে প্রগোদনা প্যাকেজের আওতায় নিয়ে আসা, ডিজিটাল লেনদেনের ক্ষেত্রে সঠিক বিধি প্রয়োগ ও নিরাপত্তা নিশ্চিত করে বাংলাদেশের ব্যাংকের তদারকি বৃদ্ধি, ই-কমার্স সেবার উপর প্রযোজ্য ভ্যাট ও এসডি যৌক্তিক হারে



হ্রাস করা, ই-কমার্সভিত্তিক ব্যবসায় প্রয়োজনীয় লাইসেন্সিং ও ব্যাংকিংসহ অন্যান্য সেবার শর্তসমূহ সহজ করা এবং এখাতের ক্ষুদ্র ও মাইক্রো উদ্যোক্তাদের বাজারে প্রবেশের সুযোগ বৃদ্ধি করতে

প্রশিক্ষণের প্রদানের আহ্বান জানান।

ডিসিসিআই আয়োজিত কোভিড-১৯ পরিস্থিতিতে ই-কমার্স এবং ভোক্তা অধিকার, প্রতিবন্ধকতা ও সুপারিশ শীর্ষক ওয়েবিনার অনুষ্ঠিত হয়। ওয়েবিনারে তিনি এ কথা বলেন। মঙ্গলবারের এই ওয়েবিনারে বাণিজ্য মন্ত্রণালয়ের সচিব ড. মো. জাফর উদ্দিন প্রধান অতিথি এবং কনজুমার অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব)-এর সভাপতি গোলাম রহমান বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

বাণিজ্য সচিব ড. মো. জাফর উদ্দিন বলেন, বাংলাদেশে ই-কমার্সের জনপ্রিয়তা প্রতিনিয়ত বাড়ছে। তবে এক্ষেত্রে বেশকিছু প্রতারণার উদাহরণ পরিলক্ষিত হচ্ছে, যার ব্যাপারে সকলকে সচেতন হতে হবে। ডিজিটাল প্র্যাক্টিস ব্যবহার করে সম্প্রতি টিসিবি অনলাইনে এরপর পৃষ্ঠা ২, সারি ১

(প্রথম পৃষ্ঠার পর) পোজাক্রয়-বিক্রয় করছে, যার ফলে ভোক্তাদের ভোগান্তি লাঘব করা সম্ভব হয়েছে। ই-কমার্স বাণিজ্যের সমূহ সম্ভাবনা কাজে লাগানো এবং সমস্যা সমাধানের লক্ষ্যে বাণিজ্য মন্ত্রণালয়ে একটি ডিজিটাল সেল গঠন করা হয়েছে। ডিজিটাল সেল এবং ই-সাপোর্ট সেন্টারের মাধ্যমে এ খাতের বর্তমান চ্যালেঞ্জগুলো মোকাবেলা করা সম্ভব হবে। ক্যাব-এর সভাপতি গোলাম রহমান বলেন, ই-কমার্স খাতে বিদ্যমান সমস্যাসমূহ চিহ্নিত করে তার যথাযথ সমাধান না করা হলে কিছু অসংলোভ তার অপব্যবহার করতে পারে, যার ফলে এখাতের অগ্রযাত্রা ব্যাহত হতে পারে। দেশে ফেসবুক ভিত্তিক ই-কমার্সের বিস্তৃতি অত্যন্ত বেশি এবং এখাতের উদ্যোক্তাদের স্বল্পমূল্যে নিবন্ধনের আওতায় নিয়ে আসা প্রয়োজন, যার মাধ্যমে তাদের কার্যক্রম পর্যবেক্ষণের আওতায় নিয়ে আসা সম্ভব হবে। গোলাম রহমান বলেন, ই-কমার্স খাতের বিস্তৃতির গতির সাথে সামঞ্জস্য রেখে যদি যথাযথ নীতিমালা করা না হয়, তাহলে ভোক্তাদের অধিকার ক্ষুণ্ণ হবে। ওয়েবিনারে মূল প্রবন্ধ উপস্থাপনকালে বাংলাদেশ এসোসিয়েশন অব সফটওয়্যার অ্যান্ড ইনফরমেশন সার্ভিসেস (বেসিস)-এর সভাপতি সৈয়দ আলমাস কবির বলেন, করোনাকালীন সময়ে ই-কমার্স এখাতের মোট উদ্যোক্তাদের মধ্যে মাত্র ৭-৮% উদ্যোক্তার তাদের ব্যবসায়িক কার্যক্রমে সাফল্য পেয়েছে। তিনি জানান, বাংলাদেশে সামাজিক যোগাযোগমাধ্যম ব্যবহারকারীর সংখ্যা প্রায় ৩৬ মিলিয়ন এবং ফেইসবুক ভিত্তিক বার্ষিক বাণিজ্যের পরিমাণ ৩১২ কোটি টাকা। তবে এক্ষেত্রে উদ্যোক্তাদের অধিকাংশই ট্রেড লাইসেন্স নেই। এ ধরনের উদ্যোক্তাদের একটি নিবন্ধন কার্যক্রমের আওতায় নিয়ে আসা সম্ভব হলে, তাদের আর্থিক স্বাধীনতা পাওয়া বিষয়টি সহজতর হবে। আলমাস কবির বলেন, ২০২০ সালে বাংলাদেশে ই-কমার্স বাজারের আকার ১৬৬ শতাংশ বেড়েছে। ২০২৩ সালের মধ্যে দেশে ই-কমার্স খাতের পরিমাণ ৩ বিলিয়ন মার্কিন ডলার পৌঁছাবে। তিনি তৃণমূল পর্যায়ের মানুষদের ই-কমার্স-র আওতায় নিয়ে আসার লক্ষ্যে সুলভ মূল্যে ইন্টারনেট সুবিধা নিশ্চিতকরণের পাশাপাশি সাইবার নিরাপত্তা জোরদারের উপর জোরারোপ করেন। জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মহাপরিচালক বাবুল কুমার সাহা বলেন, গত কয়েক বছর ই-কমার্স বেশ জনপ্রিয় হচ্ছে। একই সাথে ভোক্তা অধিকার অধিদপ্তর ৫ হাজারের বেশ অভিযোগ এসেছে। যা এখাতের জন্য ভালো সংবাদ নয়। এ খাতের নিয়ম নীতি অত্যন্ত বেশি, যার বেশির ভাগই ইংরেজি ভাষায় লেখা থাকায় অধিকাংশ ভোক্তাই না বুঝে ক্রয়-বিক্রয় কার্যক্রমে অংশ নেওয়াই অনেক সময় প্রতারণার হাতিয়ার। অনলাইন ক্রয়-বিক্রয় কার্যক্রমের শর্তাবলী সাধারণ মানুষের বোধগম্য করার লক্ষ্যে, সেগুলোকে বাংলায় করার প্রস্তাব দেন।

অনুষ্ঠানের নির্ধারিত আলোচনায় পাঠাও-এর সভাপতি এবং চিফ ফিন্যান্সিয়াল অফিসার ফাহিম আহমেদ, দারাজ বাংলাদেশ লিমিটেড-এর ব্যবস্থাপনা পরিচালক সৈয়দ মোস্তাহিদুল হক, স্টার্টআপ বাংলাদেশ লিমিটেড-এর ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা টিনা জাবিন, বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক মোহা. হুমায়ুন কবির এবং জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মহাপরিচালক বাবুল কুমার সাহা অংশগ্রহণ করেন।